



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৭ মে ২০১৮ খ্রি.

#### চসিক এর দ্রাম্যমান আদালতের অভিযান অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে ২৭ মে ২০১৮ খ্রি. রবিবার, সকালে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে রাজস্ব সার্কেল ২ এর আওতায় চকবাজার থানাধীন গুলজার টাওয়ার, মতি টাওয়ার সুবসতি ছেয়দ সেন্টারে মোবাইল কোর্টের উপস্থিতিতে সিটি কর্পোরেশনের ট্রেড লাইসেন্স প্রদর্শনে ব্যর্থ হওয়ায় সুবসতি ছেয়দ সেন্টারের পেনডোরাকে ৫ হাজার টাকা, মতি টাওয়ারের লেডিস ফ্যাশনকে ৫ হাজার টাকা সহ ১০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। একই সময়ে মোবাইল কোর্টের উপস্থিতিতে তাৎক্ষণিক ৯টি লাইসেন্সের ফি আদায় পূর্বক নবায়ন করা হয়। অভিযানে জানা যায় দোকান মালিকদের বিভ্রান্ত করে টাকা আদায় পূর্বক ভুয়া ট্রেড লাইসেন্স ইস্যু করার জন্য প্রতারক চক্র তৎপর রয়েছে তাই সংশ্লিষ্ট এলাকায় সিটি কর্পোরেশনের দায়িত্বপ্রাপ্ত ইন্সপেক্টর ব্যতিত অন্য কারো সাথে লাইসেন্স সংক্রান্ত বিষয়ে কোন ধরনের লেনদেন না করার জন্য ব্যবসায়ীদেরকে পরামর্শ দেন। অভিযানকালে সিটি কর্পোরেশনের রাজস্ব সার্কেল-৬ এর কর কর্মকর্তা, উপ কর কর্মকর্তাগণ, সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

চট্টগ্রাম- ২৭ মে ২০১৮ খ্রি.

#### চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়রের সাথে ফতেয়াবাদ ডিগ্রী কলেজ এর অধ্যক্ষ ও শিক্ষকমন্ডলীর সৌজন্য সাক্ষাত ও মতবিনিময়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বে-সরকারি কলেজ-৬ শাখা স্মারক নং ৩৭.০০.০০০০.০৭০.৯৯.০০১.১৭.১১৭, ২৪/৫/২০১৮খ্রি. তারিখে জারিকৃত বিজ্ঞপ্তি মূলে চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলাধীন ফতেয়াবাদ ডিগ্রী কলেজ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতায় নেয়ার জন্য নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হয়। এর প্রেক্ষিতে ২৭ মে ২০১৮ খ্রি. রবিবার, দুপুরে নগরভবনের সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে ফতেয়াবাদ ডিগ্রী কলেজের শিক্ষক ও কর্মচারীবৃন্দ সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় করেন। মতবিনিময়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদোহা, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, অত্র কলেজের অধ্যক্ষ মোহাম্মদ ইদ্রিচ, সহকারী অধ্যাপক মো. শহিদুল ইসলাম, মুহাম্মদ হুমায়ুন কবির, মো. নঈম উদ্দিন হাসান তিবরিজি, প্রভাষক মোহাম্মদ শহিদুল্লাহ, মো.

সাইফুল ইসলাম, ফাতেমাতুজ্জোহরা, শান্তা পাল, রুবিনা আকতার, কলি দাশ, সাইমুন নাহার, মোহাম্মদ নাজিম উদ্দিন, মো. ফরিদুল আলম, সায়মা সুলতানা, মো. ফয়সাল আল নিজামী, মো. আবু সিদ্দিক, মো. আবদুল্লাহ আল মামুন, মো. মিলাদ হোসেন, মো. মোরশেদুল আলম, মো. আবু জাহেদ, মোহাম্মদ ফয়েজ উল্লাহ, গ্রন্থাগারিক অনুপ কুমার নন্দী সহ অন্যরা উপস্থিত ছিলেন। মতবিনিময়ে মেয়র আজম নাছির উদ্দীন ফতেয়াবাদ ডিগ্রী কলেজের ফলাফল, কলেজের স্থাপনা, ভূসম্পত্তি এবং পরিচালনা কমিটির বর্তমান অবস্থান সহ নানা বিষয়ে জানতে চান। মেয়র অত্র কলেজ অধিভুক্তির বাকি কাজ দ্রুত সম্পাদন করার জন্য দায়িত্বশীলদের নির্দেশনা দেন। তিনি বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন ভর্তুকি দিয়ে আলোকিত মানুষ গড়ার দায়িত্ব পালন করছে। শিক্ষা মানুষের অধিকার। যারা এ অধিকার থেকে বঞ্চিত তাদের প্রতি দায়বোধ থেকে চট্টগ্রাম সিটি কর্পোরেশন একের পর এক শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা এবং অধিগ্রহণ করে শিক্ষার সুযোগ অব্যাহত করছে। তিনি শিক্ষকদের সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে পাঠদানের পাশাপাশি অত্র শিক্ষা প্রতিষ্ঠানের সুনাম ও সুখ্যাতি বৃদ্ধিতে অবদান রাখার আহবান জানান।

**সংবাদদাতা**

**মো. আবদুর রহিম**

**জনসংযোগ কর্মকর্তা**

**চট্টগ্রাম সিটি কর্পোরেশন**